

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৪৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الْفَصْلُ الثَّلَاثُ (بَابُ جَامِعِ الْمَنَاقِبِ)

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى فِي بَيْتِ الزُّبَيْرِ مِصْبَاحًا فَقَالَ: «يَا عَائِشَةُ مَا أَرَى أَسْمَاءَ إِلَّا قَدْ نُفِستَ وَلَا تُسْمُوهُ حَتَّى أُسْمِيَهُ» فَسَمَاهُ عَبْدَ اللَّهِ وَحَنَّكَهُ بِتَمْرَةٍ بِيَدِهِ. رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده ضعيف ، رواه الترمذی (3826 وقال : حسن غريب) * فيه عبدالله بن مؤمل
: ضعيف ، و حديث مسلم (2146) هو المحفوظ

বাংলা

৬২৪৩-[৪৮] 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) (অসময়ে) যুবায়র (রাঃ)-এর গৃহে বাতি জ্বলতে দেখলেন। তখন তিনি (সা.) বললেন, হে 'আয়িশাহ! আমার মনে হয়, আসমা প্রসব করেছে। অতএব আমি তার নাম না রাখা অবধি তোমরা তার নাম রাখবে না। অতঃপর তিনি তার নাম রাখলেন 'আবদুল্লাহ এবং একটি খুরমা চিবিয়ে নিজ হাতে তার মুখের তালুতে লাগিয়ে দিলেন। (তিরমিযী)

ফুটনোট

হাসান: তিরমিযী ৩৮২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (رَأَى فِي بَيْتِ الزُّبَيْرِ) অর্থাৎ যুবায়র ইবনু আওয়াম (রাঃ)। আসমা' (রাঃ) 'আয়িশাহ (রাঃ) এর বোন এবং যুবায়র (রাঃ)-এর স্ত্রী। (তুহফাতুল আহওয়াযী হা. ৩৮৩৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86219>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন